উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬ জুলাই ২০২৩ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে মাননীয় সংসদ সদস্য জনাব রেবেকা মমিনের মৃত্যুতে সভায় শোক প্রস্তাব গ্রহণ করার জন্য এবং ০১মিনিট নিরবতা পালন করার অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় এ বিষয়ে শোক প্রস্তাব গ্রহণ করা হয় এবং ০১মিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর সভাপতি সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান, বিগত অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ও উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থে গৃহিত প্রকল্প সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে। এছাড়া উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজসহ অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর ও কাবিখার সকল প্রকল্প যথাসময়ে বাস্তবায়িত হয়েছে। বর্তমান ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর ও কাবিখার কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণার প্রতিনিধি ডাঃ পার্থ সভায় জানান, হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা দ্রুত করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, অফিসের পুরাতন পরিত্যক্ত একটি ভবন নিলামে বিক্রয় করার জন্য উপজেলা প্রকৌশলী ৩৯,৮৪৯/- (উনচল্লিশ হাজার আটশত উনপঞ্চাশ) টাকার প্রাক্কলন দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে কোন সমস্যা নাই মর্মে তিনি জানান। | উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনের আলোকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, জাতীয় মৎস্য সপ্তাহ চলমান আছে। আগামী ৩০ জুলাই সমাপনী অনুষ্ঠান। সকলকে উপস্থিত থেকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জুন/২০২৩ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | ৩১৯৮৫ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৮২৯ জন, মোট সিএআর ৭৮.৬৫%, পুরুষ বন্ধ্যাকরণ ০১জন, মহিলা বন্ধ্যাকরণ ০১জন, ইমপ্ল্যানন ৪৫ জন, আইইউডি ১০ জন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | জানানো হয়। | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে যে কোন সময় বহিরাগত লোকজনের আনাগোনা, গাড়ী পার্কিং, গাড়ি ধোয়ানো, গরু-ছাগলের অবাধ বিচরণ ইত্যাদি বন্ধ করা জরুরি। উপজেলা পরিষদে চুরি বৃদ্ধি পেয়েছে। এছাড়া দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিস সময়ের পূর্বে ও পরে অপ্রয়োজনে বহিরাগত লোকজনের আনাগোনা, গাড়ী পার্কিং, গাড়ি ধোয়ানো, গরু-ছাগলের অবাধ বিচরণ ইত্যাদি বন্ধ করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়।<br>সহকারী কমিশনার(ভূমি)-আহবায়ক<br>সিঃ উপঃ মৎস্য অফিসার সদস্য<br>উপঃ পল্লী উন্নয়ন অফিসার সদস্য | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১০ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, মোহনগঞ্জ খাদ্য গুদামে ২২২৭ মে.টন. চাল ও ৭৮ মে.টন ধান মজুদ আছে যা আপদকালীন সময়ে খাদ্যের চাহিদা পুরণের জন্য সংরক্ষণ থাকবে। ২০২৩ মৌশুমে অভ্যন্তরীন বোরো সংগ্রহ প্রতি কেজি ধান ৩০ টাকা এবং প্রতিকেজি চাল ৪৪ টাকা দরে সংগ্রহ করা হচ্ছে। উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে নিয়মিত বাজার মনিটরিং করা হচ্ছে। এছাড়া খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট চলছে। সকলকে খেলায় উপস্থিত থেকে সহযোগিতা করার অনুরোধ করেন। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল তৈরী করা হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের ০৩টি গাছ ইতিমধ্যে নিলামে বিক্রয় করা হয়েছে। পরিত্যক্ত ভবন নিলামে বিক্রয়ের কার্যক্রম চলমান আছে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১২ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, নতুন করে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার আবেদন চালু হচ্ছে। সকলকে যথাযথ ভাবে আবেদন করার অনুরোধ করেন। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৩ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৪ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় জানান, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৫ | পল্লী বিদ্যুৎ সমিতি | এজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ সভায় জানান, পল্লী বিদ্যুতের লোডশেডিং চলমান আছে। আশাকরি কিছু দিনের মধ্যেই লোডশেডিং সমস্যার সমাধান হবে। তিনি সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১৭ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ। |
| ১৮ | মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ জানান, আগামী ০৮ আগস্ট ২০২৩ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন করা হবে। উক্ত জন্মবার্ষিকীতে সকলকে উপস্থিত থেকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৯ | জাইকা প্রকল্প | সভায় ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি, মোহনগঞ্জ বলেন, প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইউডিএফ, ইউজিডিপি, এলজিডিকে অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি,মোহনগঞ্জ। |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় উপজেলা সমন্বয়কারী ও ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, মোহনগঞ্জ জানান যে, খেলাপি ঋণীর সংখ্যা অনেক বেশি। খেলাপি ঋণ আদায় কার্যক্রমে সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী ও ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমন্বয়কারী ও ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, মোহনগঞ্জ। |
| ২১ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপের জামানত বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সরাসরি ব্যাংকে জমাদান পূর্বক জমার রশিদ অফিসে দাখিল করতে হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২২ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ বলেন, পাইকুড়া থেকে আখিলখলা পর্যন্ত রাস্তার বেহাল অবস্থা। রাস্তাটি দ্রুত মেরামত করা না হলে জনসাধারণের চলাচলে সমস্যা সৃষ্টি হবে। তিনি জরুরিভিত্তিতে রাস্তাটি মেরামত করার অনুরোধ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৩ | সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, মোহনগঞ্জ থেকে সমাজ পর্যন্ত রাস্তার বেহাল অবস্থা। রাস্তাটি জরুরিভিত্তিতে মেরামত করার অনুরোধ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৪ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বলেন, তেতুলিয়া থেকে গাগলাজুর পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করা হয়েছে। রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, ইউনিয়নের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ । |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্মগ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরূপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

গ) সভায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির প্রতি দুই মাসে একটি করে সভা করার বিধান রয়েছে। তিনি বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

ঘ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, মাননীয় সংসদ সদস্যের মৃত্যুর ফলে বাংলাদেশ নির্বাচন কমিশন শূন্য আসনে তফসিল ঘোষণা করা হয়। এ এলাকার কৃতি সন্তান সাবেক সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনাব সাজ্জাদুল হাসান, দলীয় মনোনয়ন পান। তিনি

CamScanner

নেত্রকোণায় মনোনয়ন পত্র দাখিল করে একক প্রার্থী হওয়ায় বিনাপ্রতিদ্বন্দ্বীতায় সংসদ সদস্য নির্বাচিত হতে যাচ্ছেন। তিনি জনাব সাজ্জাদুল হাসানকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

ঙ) সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান, উপজেলা পরিষদের পুকুরে টিকিটের মাধ্যমে মাছ ধরার জন্য দুইটি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনকারীগণ দিনব্যাপী টাকার বিনিময়ে বড়শি দিয়ে মাছ ধরতে চায়। এতে যে আয় হবে তা অতীতের ন্যায় উপজেলা পরিষদ মসজিদ ও অফিসার/কর্মচারী ক্লাবের আয় হিসেবে ব্যবহার করা যাবে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ একদিনের জন্য (ভোর ৫.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত) জন প্রতি (বড়শি) ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা টিকেটের মূল্য নির্ধারণ করা হয়। উক্ত টাকা হতে মাছ শিকারীদের পুরস্কার ও অন্যান্য ব্যয় বাদ দিয়ে অবশিষ্ট আয়ের ৬০% মসজিদ, ২০% অফিসার্স ক্লাব, ১০% ৩য় শ্রেণি কর্মচারী ক্লাব ও ১০% ৪র্থ শ্রেণি কর্মচারী ক্লাব আয় হিসেবে প্রাপ্ত হবেন।

ছ) জুন/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৫.০৭.২০২৩ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২৩ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/ ২০২৩ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২৩ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের জুন/২০২৩ মাসের মজুরী প্রদান। | ১৮,৩০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের জুন/২০২৩ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয়। | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জুন/২০২৩ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির জুন/২০২৩ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় । | ৮,০০০/- |
| ১১ | ঈদুল আযহার সরকারি ছুটিতে উপজেলা পরিষদ আনসার সদস্য দিয়ে পাহারা বাবদ ব্যয় | ৭,১২৫/- |
| ১২ | ২০২২-২০২৩ অর্থ বছরের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের ২টি পত্রিকার বিল বাবদ ব্যয় | ১১,০৩৭/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।
তারিখঃ ২৬ জুলাই ২০২৩ খ্রিঃ।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৬৮৭ (৪০)

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..........................................................................অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,.........................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

২৬/০৭/২৩

(ছাকির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner